r

## মাসিক স-ম্মল-নর কার্যবিবরণী

সভাপতি ঃ -মাঃ আশরাফ হোসেন
জোনাল সে-টল-মন্ট অফিসার, ঢাকা
সভার স্থান ঃ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় ঃ ১৬ মে ২০২২খ্রি. -বলা ১০.০০ ঘটিকা (বিবেচ্য মাস এপ্রিল ২০২২)।

### উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগ-ণর হাজিরা ঃ পরিশিষ্ট ''ক''

সভার প্রার-ম্ভ সভাপতি উপস্থিত সকল-ক স্বাগত জানি-য় সভার কাজ শুরু ক-রন। অনুষ্ঠিত সভায় সভাপতি ও জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা বিডিএস জরিপের কর্মসূচিভুক্ত মৌজাসূহের চলমান ও পেন্ডিং কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনাকালে জানা যায়, জরিপ চলমান ০৯টি উপজেলায় নিম্নবর্ণিত ছকে উল্লিখিত মৌজাসমূহের কার্যক্রম পেন্ডিং রয়েছে;

| ক্রম | স্তরের নাম | মৌজা সংখ্যা | খতিয়ান/ কেইস সংখ্যা | মৌজার বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মাঠ কাজ ট্রাভার্স/কিস্তোয়ার<br><br>শুরু হয়নি-২৬টি | ৩২ | - | **<u>সাভার উপজেলার</u>** ০৯টি (নগরচর/১৯৩, নন্দখালী/১৯৭, ভারারী/১৯৮, কান্দি বৈলেরপুর/১৯৯, চন্দ্র নারায়ণপুর/২০৪, বড়তৈল/২০৫, মুশুরীখোলা/২০৬, চুনারচর/২০৮ ও ভাকুর্তা/২০৯)<br><br>**<u>নবাবগঞ্জ উপজেলার</u>** ০১টি (বর্দ্ধনপাড়া/১৬৭)<br><br>**<u>দোহার উপজেলার</u>** ০২টি (পশ্চিম পাথরাইল/১০ ও পূর্ব পাথরাইল/১১)<br><br>**<u>সিংগাইর উপজেলার</u>** ০২টি (উত্তর সিংগাইর/২৬ ও ফতেপুর/১৩৩)<br><br>**<u>সাটুরিয়া উপজেলার</u>** ০২টি (ছনকা/১ ও হরগজ/৯৮)<br><br>**<u>হরিরামপুর উপজেলার</u>** ০৬টি (শুয়াখাড়া/১৮৭, নছরতপুর/১৯৮, রঘুনাথপুর/ ৩৪৭৪ থাক, পশ্চিমচর/ ৩৪৯৩ থাক, জালালদী/ ৩৪৯৪ থাক, আব্দুলপুর/ ৩৪৯৫ থাক)<br><br>**<u>শ্রীপুর উপজেলার</u>** ০১টি (শ্রীপুর/৪৩)<br><br>**<u>সিরাজদিখান উপজেলার</u>** ০৩টি (চান্দের চর/৩৮, বালুচর/৯৫ ও চরগলগলিয়া/৪৪)<br><br>মোট ২৬টি মৌজা মাঠ কাজ আরম্ভের অপেক্ষায় রয়েছে। | |
| | চলমান-০৬ টি | - | - | **<u>সাভার উপজেলার</u>** ০৫টি (দক্ষিণ দারিয়ারপুর/১৫৪, কাতলাপুর/১৬০, সেরপুর/১৬১, বাহ্রা/১৬৬, পানপাড়া/১৬৭, **<u>সিংগাইর উপজেলা</u>** ০১টি মৌজা (ভাকুম/৯৫)<br><br>০১টি মৌজার ট্রাভার্স/কিস্তোয়ার কার্যক্রম চলমান রয়েছে। | |

| ক্রম | স্তরের নাম | মৌজা সংখ্যা | খতিয়ান/ কেইস সংখ্যা | মৌজার বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০২ | খানাপুরি-বুঝারত<br><br>শুরু হয়নি-১৪টি | ২০ | - | **সাভার উপজেলার** ০৮টি (সাতাইশ/৮৪, ছোট কাকর/৮৮, তুরাগ/২১০, পাঁচলী/২১৭, রোস্তমপুর/৯০, উত্তর উলুমোড়া/১৩৫, বড় পাড়াগাঁও/৯১ ও বনগ্রাম/১৮৪)<br>**গাজীপুর সদর উপজেলা** ০৪টি (পশ্চিম পানিসাইল/৮১, কাশিমপুর/৬৬, সুড়াবাড়ী/৬৭ ও বাঘিয়া/৩০)<br>**সিংগাইর উপজেলার** ০২টি (বিনোদপুর বড় খন্ড/২২ ও চর ভাকুম/৮০)<br>মোট ১৪টি মৌজা খানাপুরি-বুঝারতের অপেক্ষায় আছে। | |
| | চলমান-০৬ টি | - | - | **সাভার উপজেলার** ৩টি (দেউল/৮৯, ইসাকাবাদ/২১৩ ও ইছারকান্দি/৪৩ খানাপুরি-বুঝারত চলমান)<br><br>**গজারিয়া উপজেলার** ০১টি (চর কালিপুর/৭২)<br><br>মোট ৪টি মৌজার খানাপুরী-বুঝারত চলমান,<br>**সাভার উপজেলার** ১টি মৌজার (বিলামালিয়া/১৮৮) ১২টি সিটের কার্যক্রম স্থগিত (মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪৬০৪/০৪)<br>**সিরাজদিখান উপজেলার** ০১টি (কয়রাখোলা/৪৯) খানাপুরি-বুঝারত কার্যক্রম স্থগিত রয়েছে। | |
| ০৩ | তসদিক<br><br>শুরু হয়নি-০৪টি<br><br>চলমান-০২টি | ০৬ | ১৯২১৭ | **সাভার উপজেলার** ০৪টি বড় বরদেশী/২১৬ সারুলিয়া/১৩৩, আটি চাঁদগাঁও/৮৬ ও চক বাসাইদ/৮৭<br>মোট ০৪টি মৌজা তসদিকের অপেক্ষায় আছে। | |
| | | | | **গাজীপুর সদর উপজেলার** ০১টি (গোবিন্দবাড়ী/৬৯) তসদিক চলমান<br><br>**সাটুরিয়া উপজেলার** ০১টি (তিল্লি/৯০) তসদিক চলমান ।<br><br>মোট ০২টি মৌজার তসদিক চলমান। | |
| ০৩ | তসদিক যাঁচ | ০৪ | ৩১৪৮১টি (খতিয়ান) | তসদিক চলমান তিল্লি/৯০, গোবিন্দবাড়ী/৬৯ এবং<br>তসদিক স্থগিতকৃত মৌজা বিলামালিয়া/১৮৮ ও কয়রাখোলা/৪৯ মৌজার ৩০৩৬৪টি খতিয়ান | |
| ০৪ | খসড়া প্রকাশনা (ডিপি) | ০৩ | ১১৫০৯ (খতিয়ান) | **সাভার উপজেলার** ০১টি মৌজা (বড় কাকর/১২৮)<br>**গাজীপুর সদর উপজেলার** ০১টি (লোহাকৈর/৭০)<br>**সাটুরিয়া উপজেলার** ০১টি (গোপালপুর/৩৯)<br>০৩টি মৌজা খসড়া প্রকাশনার অপেক্ষায় আছে। | |
| ০৫ | আপত্তি<br><br>শুরুর অপেক্ষায়-০৬টি | ১৬টি | ২২৯০৫ (কেইস) | **সাভার উপজেলার** ০৫টি (সাভার/১৫২, উত্তর কাউনদিয়া/২১১, বিরুলিয়া/১৩১, সাদুল্লাপুর/১৩৭ ও রুদ্রপুর/৮৫)<br><br>**গাজীপুর সদর উপজেলার** ১টি (বড় ভবানীপুর/৭১) | |
| | চলমান-১০টি | - | - | **সাভার উপজেলার** ০৭টি (বেগুনবাড়ী/২১৪, শ্যামলাপুর/২৮, উত্তর সিন্দুরিয়া/৬৩, চাইরা/২০৭, দিয়াবাড়ী/১০৮, দামপাড়া/১২৯ ও আউকপাড়া/১০০)<br><br>**সিংগাইর উপজেলার** ০২টি (বিনোদপুর ছোট খন্ড/২১ ও বায়রা/০১)<br><br>**সাটুরিয়া উপজেলার** ০১টি (বরাইদ/১২) | |
| ০৬ | আপিল<br><br>শুরুর অপেক্ষায়-১৫টি | ২৫টি | ৪৯৯৬ (কেইস) | **সাভার উপজেলার** ১১টি মৌজা (কুমারন/১৭৬, বিঘৎপট্রি/৮৩, সুন্দ্রিপ/৬৭, কমলাপুর/১৭৮, গেরুয়া/১০৫, সাধাপুর/১৭৩, বড় ওয়ালিয়া/৬৮, ঘোড়াদিয়া/১১১, মোহনপুর/৬৫, সিরাজেরটেক/১৪১ ও ধামসনা/২৬)<br>**গাজীপুর সদর উপজেলার** ০৩টি (বাইমাইল/৩২, মিরপুর/৩১ ও উত্তর পানিসাইল/৮০)<br><br>**গজারিয়া উপজেলার** ০১টি (মল্লিকেরচর/৭১)<br><br>১৫ টি মৌজা আপিল শুনানির অপেক্ষায় আছে। | |

| ক্রম | স্তরের নাম | মৌজা সংখ্যা | খতিয়ান/ কেইস সংখ্যা | মৌজার বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | চলমান-১০টি | - | - | **<u>সাভার উপজেলার</u>** ০৮টি মৌজা (নিকরাইল/১৮৩, , বিলবাঘিল/১৭২, সাধুপাড়া/৯২, ধরেন্ডা/১৪৪, ছোট কালিয়াকৈর/১৪২, দক্ষিণ সিন্দুরিয়া/৬২, পিপুলিয়া/১৩২ ও রাজাঘাট/১৯১)<br>**<u>গাজীপুর সদর উপজেলার</u>** ০২টি (কোনাপাড়া/৭৯ ও বারেন্দা/৬৮)<br>মোট ১০টি মৌজার আপিল শুনানি চলমান। | |
| ০৭ | চূড়ান্ত যাঁচ শুরুর অপেক্ষায়-০৫টি | ১১ | ১৩৬৫২ | **<u>সাভার উপজেলার</u>** ০৪টি মৌজা (আগলা/৭২, ভোমকা/১৪০, পশ্চিম সদরপুর/৬৬ ও সীশারচর/১৮০)<br>**<u>সাটুরিয়া উপজেলার</u>** ০১টি (চর তিল্লি/৯৬)<br>মোট ৫টি মৌজা চূড়ান্ত যাঁচ অপেক্ষমান। | |
| | চলমান-০৬টি | - | - | **<u>সাভার উপজেলার</u>** ০৫টি মৌজা (দক্ষিণ কৃষ্ণপুর/১৪৩, উনাইল/৩১, পূর্ব গোপালপুর/১৭০, রাজারবাগ/১৭৭ ও ডিক্রীরটেক/৬৪)<br>**<u>সিংগাইর উপজেলার</u>** ০১টি (রিফাইতপুর/১৩৪)<br>মোট ০৬টি মৌজার চূড়ান্ত যাঁচ কাজ চলমান। | |
| ০৮ | মুদ্রণ | - | - | সফটওয়্যার এর মাধ্যমে ডাটা এন্ট্রি ও মুদ্রণ করা হচ্ছে। | |
| ০৯ | চূড়ান্ত প্রকাশনা<br>শুরু হয়নি-০৭টি | ০৭ | ৯৩৭৬ (খতিয়ান) | **<u>সিংগাইর উপজেলা</u>** ০১টি মৌজার (দক্ষিণ জামশা/৫০)<br>**<u>সাভার উপজেলার</u>** ০৬টি মৌজা (ধনিয়া/৫২, পাঁচুটিয়া/১০৩, গোয়ালদী/১০৯, পুরুলিয়া/১৮১, দক্ষিণ রামচন্দ্রপুর/১৬৯ ও চাকলগাঁও/৫৪)<br>মোট ০৭টি মৌজার ম্যাপ মুদ্রণ না হওয়ায় চূড়ান্ত প্রকাশনার অপেক্ষায় আছে। | |
| ১০ | গেজেট প্রস্তাব (প্রেরণ) | ০৩ | ১৯৯৯ (খতিয়ান) | **<u>সাভার উপজেলার</u>** ০২টি মৌজা (সাইপাড়া/৯২ ও পাঁচঘুঘুদিয়া/৫৯) গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>**<u>সাভার উপজেলার</u>** ০১টি মৌজা (শকরান/৫৫) এসএস ম্যানুয়াল ১৯৩৫ এর ৫৩৩/৫৩৪/৫৩৭ বিধির কার্যক্রম চলমান। | |
| ১১ | গেজেট প্রকাশ | ১৭৬টি | - | জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর কর্মসুচিভুক্ত ৩০৯টি মৌজার মধ্যে ১৭৬টি মৌজা গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। | |
| ১২ | ভলিউম বাঁধাই | ১৭৬টি | - | গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত ১৭৬টি মৌজারই ভলিউম বাঁধাই সম্পন্ন হয়েছে। | |
| ১৩ | হস্তান্তর | ১৭৬টি | - | ভলিউম বাঁধাই সম্পন্ন ১৭৬টি মৌজাই সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে। | |

০২। সভাপতি বিভিন্ন মৌজার চলমান স্তরভিত্তিক কাজ প্রমাপ অনুযায়ী সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আরও কর্মতৎপর হওয়ার জন্য অনুরোধ জানিয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন:

**<u>২.১ কিস্তোয়ারঃ</u>**

২.১.১ মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলাধীন ৯১ নং ভাকুম মৌজার চলমান কিস্তোয়ার কাজ আগামী ১৫ জুন ২০২২খ্রি. তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে।

**<u>২.২ খানাপুরি-বুঝারতঃ</u>**

২.২.১ সাভার উপজেলাধীন ৮৯ নং দেউল ও ৪৩ নং ইছারকান্দি মৌজার চলমান খানাপুরি-বুঝারত স্তরের কাজ ১৫ জুন ২০২২খ্রি এবং ২১৩ নং ইসাকাবাদ মৌজার চলমান খানাপুরি-বুঝারত স্তরের কাজ আগামী ১৫ জুলাই ২০২২খ্রি. তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে।

২.২.২ মুন্সিগঞ্জ জেলার গজারিয়া উপজেলার ৭২ নং চর কালিপুর মৌজার খানাপুরি-বুঝারত স্তরের কাজ ৩১ জুলাই ২০২২খ্রি. তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে।

**<u>২.৩ তসদিকঃ</u>**

২.৩.১ মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলার ৯০ নং তিল্লি মৌজার তসদিক কাজ ১৫ জুন ২০২২ মাসের মধ্যে সমাপ্ত করতে হবে।

২.৩.২ গাজীপুর জেলার গাজীপুর সদর উপজেলার গোবিন্দবাড়ী মৌজার তসদিক স্তরের কাজ ৩০ জুন ২০২২ মাসের মধ্যে সমাপ্ত করতে হবে।

২.৩.৩ তথ্য পর্যালোচনায় দেখা যায়, গাজীপুর জেলার গাজীপুর সদর উপজেলাধীন ৬৯ নং গোবিন্দবাড়ী মৌজার কোনো কোনো সার্ভেয়ার ও হল্কা অফিসার খতিয়ানের খানাপুরি-বুঝারত সম্পন্ন করলেও উক্ত খতিয়ানের মধ্যে কিছু কিছু খতিয়ান সফওটয়্যারে পরবর্তী স্তরে (তসদিক স্তরে) প্রেরণ করেন নি যা মোটেও কাঙ্খিত নয়। কোনো খতিয়ানের খানাপুরি-বুঝারত সম্পন্ন হলে উক্ত খতিয়ান আবশ্যিকভাবে সফওটয়্যারে পরবর্তী স্তরে (তসদিক স্তরে) প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো। উপজেলা সেটেলমেন্ট অফিসের দায়িত্বপ্রাপ্ত সকল সহকারী সেটেলমেন্ট অফিসারগণকে এ বিষয়ে কঠোর মনিটরিং করতে বলা হলো।

**২.৪ তসদিক যাঁচঃ**

২.৪.১ তসদিক যাঁচ স্তরের পেন্ডিং ০৪টি মৌজার মধ্যে ঢাকা জেলার সাভার উপজেলার ১৮৮ নং বিলামালিয়া এবং মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলার ৪৯ নং কয়রাখোলা মৌজার কার্যক্রক্রম স্থগিত রয়েছে। অবশিষ্ট মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলার ৯০ নং তিল্লী মৌজার ৪১৬৭টি এবং গাজীপুর জেলার গাজীপুর সদর উপজেলাধীন ৬৯ নং গোবিন্দবাড়ী মৌজার ১৯০০২টি মোট ২৩১৬৯ টি খতিয়ানের তসদিক যাঁচ প্রমাপ অনুযায়ী ৩০ জুন ২০২২ মাসের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো।

**২.৫ খসড়া প্রকাশনা (ডিপি):**

২.৫.১ ঢাকা জেলার সাভার উপজেলার ১২৮ নং বড় কাকর, গাজীপুর সদর উপজেলাধীন ৭০ নং লোহাকৈর এবং সাটুরিয়া উপজেলাধীন ৩৯ নং গোপালপুর মৌজার খসড়া প্রকাশনা (ডিপি) আগামী ১৫ জুন ২০২২খ্রি. তারিখের মধ্যে আরম্ভকরণ নিশ্চিত করতে হবে ।

**২.৬ আপত্তিঃ**

২.৬.১ ঢাকা জেলার সাভার উপজেলাধীন ২০৭ নং চাইরা, ১০৮ নং দিয়াবাড়ী, ১২৯ নং দামপাড়া, ১০০ নং আউকপাড়া এবং মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলার ১২ নং বরাইদ, সিংগাইর উপজেলাধীন ২১ নং বিনোদপুর ছোটখন্ড ও ০১ নং বায়রাসহ মোট ০৭টি মৌজার অনিস্পন্ন আপত্তি মামলাসমূহ প্রমাপ অনুযায়ী নিস্পত্তি করার জন্য সংশ্লিষ্ট সকল আপত্তি অফিসারকে বলা হলো।

**২.৭ আপিলঃ**

২.৭.১ ঢাকা জেলার সাভার উপজেলাধীন ৯২ নং সাধুপাড়া, ১৪৪ নং ধরেন্ডা, ১৪২ নং ছোট কালিয়াকৈর, ৬২ নং দক্ষিণ সিন্দুরিয়া, ১৩২ নং পিপুলিয়া, ১৯১ নং রাজাঘাট, ১৭২ নং বিলবাঘিল ও ১৮৩ নং নিকরাইল, গাজীপুর সদর উপজেলাধীন ৭৯ নং কোনাপাড়া, ৬৮নং বারেন্দাসহ মোট ১০টি মৌজার অনিস্পন্ন আপিল মামলাসমূহ প্রমাপ অনুযায়ী নিস্পত্তি করার জন্য সংশ্লিষ্ট আপিল অফিসারগণকে বলা হলো। যে সকল মৌজায় স্বল্প সংখ্যক আপিল মামলা পেন্ডিং আছে ঐ সকল আপিল মামলা অগ্রাধিকার ভিত্তিতে নিস্পত্তি করার জন্য সংশ্লিষ্ট আপিল অফিসারগণকে অনুরোধ করা হলো।

**২.৮ চূড়ান্ত যাঁচঃ**

২.৮.১ সাভার উপজেলার ৩১ নং উনাইল, ৬৪ নং ডিক্রিরটেক, ১০৭ নং কীর্তিনোয়াদ্দা, ১১২ নং খঞ্জনকাঠি, ১৭৭ নং রাজারবাগ, ১৪৩ নং দক্ষিণ কৃষ্ণপুর মৌজার খতিয়ানের চূড়ান্ত যাঁচ সমাপ্ত হয়েছে। কিন্তু ম্যাপের যাঁচ কাজ পেন্ডিং রয়েছে। উক্ত মৌজাসমূহের ম্যাপ চূড়ান্ত যাঁচ আগামী ১৫ জুন ২০২২খ্রি. তারিখের মধ্যে অবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে।

২.৮.২ সাভার উপজেলার ১৪০ নং ভোমকা, ৬৬ নং পশ্চিম সদরপুর, ১৮০ নং সীশারচর, ৭২ নং আগলা, গাজীপুর সদর উপজেলার ৬৮ নং বারেন্দা ও মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার ১৩৪ নং রিফাইতপুর মৌজার পেন্ডিং চূড়ান্ত যাঁচ (রেকর্ড ও নকশা) দ্রুত সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে অনুরোধ করা হলো।

**২.৯ চূড়ান্ত প্রকাশনাঃ**

২.৯.১ সাভার উপজেলাধীন ১০৯ নং গোয়ালদী, ১৬৯ নং দক্ষিণ রামচন্দ্রপুর, ৫৪ নং চাকলগাঁও এবং মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার ৫০ নং দক্ষিণ জামশা মোট ০৪ মৌজার মুদ্রিত নকশা সরবরাহ না পাওয়ায় বর্ণিত ০৪টি মৌজার চূড়ান্ত প্রকাশনার কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না মর্মে সংশ্লিষ্ট উপজেলা সেটেলমেন্ট অফিস হতে জানানো হয়। এমতাবস্থায়, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের নকশা শাখায় যোগাযোগ করে বর্ণিত ০৪টি মৌজার মুদ্রিত নকশা গ্রহণপূর্বক আগামী ৩০ জুন ২০২২খ্রি. মাসের মধ্যে উল্লিখিত মৌজাসমূহের চূড়ান্ত প্রকাশনার কার্যক্রম গ্রহণের জন্য কারিগরি শাখা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। ঢাকা জেলার সাভার উপজেলাধীন ৫২ নং ধনিয়া, ১৮১ নং পুরুলিয়া ও ১০৩ নং পাঁচুটিয়া মৌজার মুদ্রিত নকশা অধিদপ্তর হতে পাওয়া গিয়েছে। সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, সাভার, ঢাকা, বর্ণিত ০৩টি মৌজার মুদ্রিত নকশা পাওয়ায় উক্ত ০৩টি মৌজার দ্রুত চূড়ান্ত প্রকাশনা আরম্ভ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**২.১০ গেজেট প্রস্তাব প্রেরণঃ**

২.১০.১ ঢাকা জেলার সাভার উপজেলাধীন ৫৫ নং শকরান মৌজার সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়াল ১৯৩৫ এর ৫৩৩ বিধির আবেদন যাঁচাই কার্যক্রম সমাপ্ত করে মৌজাটি দ্রুত গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের প্রস্তাব প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো। উল্লেখ্য, গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ, ভলিউম বাঁধাই ও হস্তান্তর স্তরে কোনো মৌজা পেন্ডিং নেই।

০৩। সার্ভেয়ার, হল্কা/তসদিক অফিসার এবং আপত্তি ও আপিল অফিসারগণ তাদের জন্য নির্ধারিত প্রমাপ অনুযায়ী দায়িত্ব পালন করতে বলা হলো। সংশ্লিষ্ট উপজেলার দায়িত্বপ্রাপ্ত সহকারী সেটেলমেন্ট অফিসারগণ তাঁর অধিক্ষেত্রাধীন জরিপ কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করবেন।

০৪। সভার দ্বিতীয় পর্বে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় উপস্থিত হয়ে জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা'র কার্যালয়ের চলমান বিডিএস জরিপের কর্মসূচিভুক্ত মৌজা সমূহের স্তর ভিত্তিক জরিপ কাজের অগ্রগতি/পেন্ডিং কাজের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং ঢাকা জোনের কার্যাবলী আরও সূচারুরূপে সম্পন্ন করার জন্য নিম্নোক্ত পরামর্শ প্রদান করেনঃ

৪.১ জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা'র কার্যালয়ে পদায়নকৃত সকল কর্মকর্তা/কর্মচারিগণকে কাজে নিয়োগ করতে হবে। কোনো কর্মকর্তা/কর্মচারিকে কর্মহীন রাখা যাবেনা;

৪.২ মাঠ পর্যায়ে চলমান কাজের গতিশীলতা বৃদ্ধি এবং যথাসময়ে জরিপ সম্পন্ন করার লক্ষ্যে শুধুমাত্র উপসহকারী সেটেলমেন্ট অফিসার ও সহকারী সেটেলমেন্ট অফিসারগণের সমন্বয়ে মাসিক সভার আয়োজন করা সমীচীন। মাঠের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে সার্ভেয়ারসহ অন্যান্য পদবীর (পেশকার, বেঞ্চ সহকারী, যাঁচ মোহরার, ড্রাফটফসম্যান-কাম-এরিয়া এস্টিমেটর) কর্মচারিগণকে প্রত্যেক মাসিক সভায় উপস্থিতি বাধ্যতামূলক না করে দুই মাস অন্তর উপস্থিত থাকতে বলা যেতে পারে মর্মে নির্দেশ প্রদান করেন;

৪. ৩ জনবল এবং ইকুইপমেন্ট এর উপর ভিত্তি করে প্রমাপ অনুযায়ী মৌজার কর্মসূচি গ্রহণ করতে হবে;

৪. ৪ মাঠ পর্যায়ের কাজ যাতে প্রমাপ অনুযায়ী সম্পন্ন হয় সে ব্যাপারে পরিদর্শন ও মনিটরিং অব্যাহত রাখতে হবে;

৪.৫ বাৎসরিক কর্ম সম্পাদন চুক্তির (APA) আলোকে কার্যাবলী সূচারুরূপে সম্পন্ন করতে হবে;

৪.৬ ব্যপক প্রচারের মাধ্যমে মৌজাসমূহের জরিপ কাজ শুরু করতে হবে;

৪.৭ খসড়া প্রকাশনার সময় মৌজার ম্যাপ এবং খতিয়ানসমূহ ভূমি মালিকগণের জন্য উন্মুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪.৮ প্রমাপ অনুযায়ী আপত্তি ও আপিল মামলাসমূহ নিষ্পত্তি করতে হবে। আদেশের যৌক্তিকতা নিরূপণপূর্বক স্পষ্টভাবে আদেশ লিখে প্রকাশ্য আদালতে ঘোষণা করতে হবে, যাতে আদালতের স্বচ্ছতা ও দক্ষতা নিয়ে বিভ্রান্তি না হয়;

৪.৯ আপিল সমাপ্ত মৌজাসমূহের চূড়ান্ত যাঁচ, চূড়ান্ত প্রকাশনা এবং গেজেট বিজ্ঞপ্তির প্রক্রিয়া আরও তরান্বিত করতে হবে;

অত:পর সততা ও আন্তরিকতার সাথে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব পালনের নির্দেশ প্রদানপূর্বক সভাস্থল ত্যাগ করেন।

০৫। পরিশেষে মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর মহোদয়ের উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের অনুরোধসহ ২০২১-২২ অর্থবছরের অনুমোদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ন্যায় ও নিষ্ঠার সাথে নিজ নিজ দায়িত্ব পাল-নর ল-ক্ষ্য আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানি-য় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা ক-রন ।

**স্বাক্ষরিত/-**
**মোঃ আশরাফ হোসেন**
উপসচিব
-জানাল সে-টল-মন্ট অফিসার
ঢাকা।
ফোন নং-৮১৭০০৬৭

স্মারক নং-৩১.০৩.২৬৯২.০২২.৪২.০০১.২২-**৩৭১(১০০)** তারিখঃ ০৯/০৬/২০২২খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

০১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০২। পরিচালক (ভূমি রেকর্ড/জরিপ/প্রশাসন), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। চার্জ অফিসার (সিনিয়র সহকারী সচিব), জোনাল সে-টল-মন্ট অফিস, ঢাকা।
০২। সদর সহকারী সে-টল-মন্ট অফিসার, জোনাল সে-টল-মন্ট অফিস, ঢাকা।
০৩। সহকারী সে-টল-মন্ট অফিসার (সকল), উপ-জলা সে-টল-মন্ট অফিস.......................................।
০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ড রুম, জোনাল সে-টল-মন্ট অফিস, ঢাকা।
০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা সেটেলমেন্ট প্রেস, জোনাল সে-টল-মন্ট অফিস, ঢাকা।
০৬। কারিগরি উপ-দষ্টা, জোনাল সে-টল-মন্ট অফিস, ঢাকা।
০৭। উপ-সহকারী -স-টল-মন্ট অফিসার (সকল), উপ-জলা সে-টল-মন্ট অফিস,.................................।
০৮। আইসিটি কর্মকর্তা, জোনাল সে-টল-মন্ট অফিস, ঢাকা।
০৯। প্রধান সহকারী-কাম-হিসাব রক্ষক/নাজির-কাম-ক্যাশিয়ার/সিএ, জোনাল সে-টল-মন্ট অফিস, ঢাকা।
১০। অফিস কপি।

জোনাল সে-টল-মন্ট অফিসার
ঢাকা।